

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ সিয়াম ও রোযা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

থুথু বা গয়ের গিললে কি রোযার ক্ষতি হয়?

থুথু গয়ের থেকে বাঁচা দুঃসাধ্য। কারণ, তা মুখে বা গলার গোঁড়ায় জমা হয়ে নিচে এমনটিতেই চলে যায়। অতএব এতে রোযা নষ্ট হবে না এবং বরাবর থুথু ফেলারও দরকার হবে না।

অবশ্য যে কফ, গয়ের খাঁকার বা শ্লেষা বেশী মোটা এবং যা কখনো মানুষের বুকে (শ্বাসযন্ত্র) থেকে, আবার কখনো মাথা (পৈসজটে)থেকে বের হয়ে আসে, তা গলা ঝেড়ে বের করে বাইরে ফেলা ওয়াজেব এবং তা গিলে ফেল বৈধ নয়। যেহেতু তা ঘৃণিত; সম্ভবতঃ তাতে শরীর থেকে বেরিয়ে আসা কোন রোগজীবাণুও থাকতে পারে। সুতরাং তা গিলে ফেলাতে স্বাস্থ্যের ক্ষতিও হতে পারে। তবে যদি কেউ ফেলতে না পেরে গিলেই ফেলে, তাহলে তাতে রোযা নষ্ট হবে না।

পক্ষান্তরে মুখের ভিতরকার স্বাভাবিক লালা গিলতে কোন ক্ষতি নেই। রোযাতেও কোন প্রভাব পড়ে না। ২৭৯ (মুমতে ৬/৪২৮-৪২৯, ফাতাওয়া ইসলামিয়্যাহ ২/১২৫, ফাতাওয়াস সিয়াম ৩৮ পৃঃ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=213

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন